



রাজশাহী বিশ্ববিদ্যালয়

বিশেষ বিজ্ঞপ্তি

রাবি ২০২৪-২০২৫ সেশনের সকল ইউনিটে (A, B ও C) আবেদনকারীদের প্রথম পছন্দক্রম অনুযায়ী আঞ্চলিক কেন্দ্রে তাদের ভর্তি পরীক্ষার আসন বিন্যাস করা হবে।

A ও C ইউনিটের ভর্তি পরীক্ষা পূর্ব নির্ধারিত তারিখ গুলোতে অনুষ্ঠিত হবে, তবে পূর্ব নির্ধারিত এক শিফটের পরিবর্তে এখন তা দুই শিফটে অনুষ্ঠিত হবে। প্রথম শিফটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১১ টা থেকে ১২টা এবং দ্বিতীয় শিফট ২:৩০টা থেকে ৩:৩০টা।

B ইউনিটের পরীক্ষা পূর্বের তারিখ ও সময় ঠিক রেখে একটি মাত্র শিফটেই অনুষ্ঠিত হবে।

সকল ইউনিটের (A, B ও C) ভর্তি পরীক্ষার্থীদের আগামী ১৩/০৩/২০২৫ তারিখ বিকাল ৪:০০ টার পর নতুন রোল ও কেন্দ্রসহ নতুন প্রবেশপত্র ইস্যু করা হবে। ফলে তাদের আগের সকল ইউনিটের ইস্যুকৃত প্রাথমিক প্রবেশপত্রগুলো বাতিল বলে গন্য হবে।

উল্লেখ্য যে, ভবন ও কক্ষের তথ্যসহ বিস্তারিত ঠিকানা উল্লেখপূর্বক চূড়ান্ত প্রবেশপত্র সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষার ৩ দিন পূর্বে ডাউনলোড করা যাবে।

এখানে আরও উল্লেখ করা প্রয়োজন যে, পরীক্ষার্থীকে নির্দিষ্ট কেন্দ্রের নির্ধারিত কক্ষে পরীক্ষা দিতে হবে এবং পদ্ধতিগত কারণে এক কেন্দ্রের জন্য নির্ধারিত প্রার্থীর পরীক্ষা অন্য কেন্দ্র বা কক্ষে গ্রহণ সম্ভব নয়। বিধায় পরীক্ষার্থীর জন্য চূড়ান্ত প্রবেশপত্র ডাউনলোড করে কেন্দ্র ও কক্ষ জেনে নেওয়া আবশ্যিক।

(প্রফেসর ড. ইফতিখারুল আলম মাসউদ)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

রাজশাহী বিশ্ববিদ্যালয়